গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.১৬.০১২.২৬- ২৬৮                                                তারিখ:০৮/০৩/২০২৬ খ্রি.

# বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের ২০(একর) পর্যন্ত বদ্ধজলমহাল ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর সদর উপজেলাধীন ১০৯৫ টি বদ্ধ সরকারি পুকুর/ জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধান মোতাবেক ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে বন্দোবস্ত/ ইজারা প্রদানের নিমিত্তে উল্লিখিত সময়সূচি অনুযায়ী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি এর নিকট হতে সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**আবেদনপত্র বিক্রয়, দাখিল, খোলা ও বাছাইয়ের সময়সূচি**

| আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও সময় (সকাল ১০.০০ হতে বিকেল ৫.০০ ) পর্যন্ত | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় (সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত) | আবেদন ফরম খোলা ও বাছাইয়ের তারিখ ও সময় |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০৮/০৩/২০২৬ খি: হতে ২৫/০৩/২০২৬ খি: পর্যন্ত | ২৯/০৩/২০২৬ খ্রিঃ, দুপুর ১.০০ পর্যন্ত | ২৯/০৩/২০২৬ খ্রিঃ বিকাল ৩.০০ টা |

**বন্দোবস্ত/ ইজারার শর্তাবলি:**

- বন্দোবস্ত/ ইজারার আবেদন ফরম ৫০০/= (পাঁচশত) (অফেরত যোগ্য) টাকার বিনিময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর এবং উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর হতে উল্লিখিত তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- পূরণকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর এ রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে। জমাকৃত আবেদনসমূহ উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- জলমহালসমূহের ইজারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে কোন মৎস্যজীবি সংগঠন/ সমবায় সমিতি এর নিকট হতে কোন পুকুর/জলমহালের ইজারা/বন্দোবস্তের আবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধান সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা; ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি ইত্যাদির সমন্বয়ে গঠিত এবং সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ৩(তিন) বছর মেয়াদে ইজারা দেয়া যাবে।
- সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।
- খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ও আবেদনকৃত জলাশয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।
- আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।
- আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবে।
- নির্দিষ্ট ফরমে আবেদন পত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা এবং নির্বাহী সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা সংযুক্ত করবে।
- আবেদন পত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, অঙ্গীকারনামা, সমিতির সভার কার্যবিবরণী, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

CamScanner

- আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।
- আবেদন অসম্পূর্ন থাকলে তা বাতিলযোগ্য হবে।
- আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।
- আবেদনের সংগে উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর অনুকুলেউদ্ধৃত মূল্যের ২০% হারে তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।
- আবেদনপত্রে দরের পরিমাণ বছরওয়ারী অথবা ৩ (তিন) বছর মেয়াদের উল্লেখ থাকতে হবে।
- আবেদন অনুমোদনের পর সাকুল্য ইজারা মুল্য ৭ (সাত) দিনের মধ্যে সরকারি খাতে জমা প্রদান করতে হবে। ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মূল্যের ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।
- ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পুর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।
- বন্দোবস্ত/ ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হউক না কেন তা ১লা বৈশাখ হতে কার্যকর হব।
- কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্তো/ ইজারা পাবে না।
- চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে। চুক্তির শর্ত ভঙ্গ না করলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে।
- লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।
- ইজারাযোগ্য জলাশয়/পুকুরের আয়তন ব্যতিত সংলগ্ন পতিত জমি ইজারার আওতাভুক্ত হবে না।
- ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহলের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যাস্ত হবে।
- ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।
- কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমবায় সমিতি আবেদন করতে পারবেনা।
- বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।
- বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।
- যে সকল জলমহালসমূহ থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।
- বর্ষা মৌসুমে যদি কোন বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।
- বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলাশয়ে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।
- যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধন-২০১২) এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হবে।

05.03.26

(তমালিকা পাল)
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
দিনাজপুর সদর, দিনাজপুর।
acl.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং- ৩১.০২.২৭৬৪.০০০.০০৫.৩২.২৫- ৭৬৭ তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।
০৪। উপজেলা .................................................অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।
০৫। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, দিনাজপুর। তাকে নিলাম ডাক অনুষ্ঠানে ধার্য তারিখে নির্ধারিত সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগপূর্বক আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৬। চেয়ারম্যান, ...................................................... ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর,দিনাজপুর।
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
০৮। সভাপতি/সম্পাদক, ...................................................... দিনাজপুর।
০৯। নাজির, উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর তাকে বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ডাক চলাকালীন সময়ে উপস্থিত থেকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১০। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
১১। অফিস কপি।

০৫।০৩।২০২৬
(মোঃ বোরহান উদ্দিন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।

CamScanner